ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -১২/১০/২০১৭ ।।

তেলিয়ামুড়ায় দ্বিতল আই টি আই-র উদ্বোধন

তেলিয়ামুড়া, ১২ অক্টোবর ।। এক অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল হাওয়াইবাড়ীতে নবনির্মিত দ্বিতল বিশিষ্ট শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হয়েছে । এই শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের দ্বারোদঘাটন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী । এই প্রশিক্ষণ কেন্দ্রটি তেলিয়ামুড়া মহকুমার উন্নয়নে একটি উজ্জ্বল নজীর । এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মৎস্য মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া, খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকার, বিধায়ক মনীন্দ্র দাস ও গৌরী দাস, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমরেশ চৌধুরী, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীল মুন্ডা, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে, শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব ভি জি জেনার প্রমুখ ।

উদ্বোধকের ভাষণে শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী বলেন, রাজ্যের অধিকাংশ মহকুমাগুলিতে শিল্প প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে । উদ্দেশ্য হলো বেকার যুবক-যুবতীরা যাতে শিল্প বিষয়ক দক্ষতা অর্জন করে স্বাবলম্বী হয়ে ওঠে । তিনি বলেন, সমাজের উন্নয়নের প্রথম শর্তই হচ্ছে শিক্ষা । শিক্ষার সম্প্রসারণে রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচি তিনি তুলে ধরে বলেন, মানব সম্পদের উন্নয়ন, বিকাশ অত্যন্ত জরুরী । তা না হলে দেশ এগিয়ে যাবে না । সেই লক্ষ্য নিয়ে রাজ্যের বামফ্রন্ট সরকার মানব সম্পদ উন্নয়নে কাজ করছে । এজন্য রাজ্য বাজেটে সবচেয়ে বেশী বরাদ্দ করা হয় শিক্ষার মানোন্নয়নে এবং সম্প্রসারণে।

অনুষ্ঠানে মৎস্য মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া বলেন, আজকের দিনটি মহকুমাবাসীর কাছে অত্যন্ত আনন্দের দিন । এলাকাবাসীর বহুদিনের কাঙ্খিত এই প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধনের ফলে সংশ্লিষ্ট এলাকার যুবক-যুবতীরা বিভিন্ন স্বনির্ভর কর্মসূচির সাথে যুক্ত হতে পারবেন ।

অনুষ্ঠানে বিধায়ক মনীন্দ্র দাস ও গৌরী দাস, সভাধিপতি সাইনী সরকার বক্তব্য রাখতে গিয়ে জাতি-উপজাতির মধ্যে শান্তি-সম্প্রীতি বজায় রেখে মানব সম্পদ উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন । স্বাগত ভাষণ রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব ভি জি জেনার । নবনির্মিত এই দ্বিতল বিশিষ্ট শিল্প প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণে ব্যয় হয়েছে ১২ কোটি টাকা ।

এম এস ডি পি : ধলাইয়ে সভা

আমবাসা, ১২অক্টোবর ।। মাল্টি সেকটোরেল ডেভেলাপমেন্ট প্রোগ্রামের জেলা কমিটির এক সভা আজ ধলাই জেলা শাসক কার্যালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। ধলাই জেলার ডম্বুরনগর এবং ছামনু ব্লক এই প্রকল্পের আওতার অন্তর্ভুক্ত। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক ললিত কুমার দেববর্মা ও নিরাজয় ত্রিপুরা, আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপতী ভট্টাচার্য, জেলা শাসক বিকাশ সিং, অতিরিক্ত জেলা শাসক ডি. কে. চাকমা, জেলা পুলিশ আধিকারিক এস. আর. দাস, লংতরাইভ্যালি এবং গন্ডাছড়া মহকুমার মহকুমা শাসকগণ ও অন্যান্য সদস্যগণ। পানীয়জল, সেনিটেশন, শিক্ষা, নলেজ রিসোর্স সেন্টার, স্বাস্থ্য এবং হাউসিং এই ছয়টি সেক্টরের জন্য প্রকল্প বাস্তবায়নে সভায় আলোচনা হয়। এর মধ্যে ডম্বুরনগর ব্লকের জন্য ৩ কোটি ২ লক্ষ ৭৭ হাজার টাকা এবং ছামনু ব্লকের জন্য ৫ কোটি ৩ লক্ষ ৮২ হাজার টাকার পরিকল্পনা গ্রহণ করা হয়। প্রকল্পের মধ্যে রয়েছে ডিপটিউবওয়েল, জলাধার, পানীয় জলের পাইপ লাইন, শৌচালয়, কিচেন সেড, ক্লাস রুম, হেল্থ সাব-সেন্টার, কমিউনিটি হল ইত্যাদি।

স্বচ্ছ ভারত অভিযান : খোয়াই জেলা হাসপাতালে আলোচনা চক্র

খোয়াই, ১২অক্টোবর ।। স্বচ্ছ ভারত অভিযানের পক্ষকাল ব্যাপী কর্মসূচির অঙ্গ হিসাবে গতকাল খোয়াই জেলা হাসপাতালের উদ্যোগে রোগ-সংক্রমণ ও প্রতিরোধ বিষয়ক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। জেলা হাসপাতালে আয়োজিত এই অনুষ্ঠানে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি. কে. মজুমদার রোগ সংক্রমণ ও প্রতিরোধ বিষয়ে আলোচনা করেন। আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা হাসপাতালের সুপার ডা: ধনঞ্জয় রিয়াং সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীগণ। অনুষ্ঠান শেষে জেলা হাসপাতালে সাফাই অভিযান সংগঠিত হয়। জেলা হাসপাতাল থেকে এতথ্য জানানো হয়েছে।

পাট্টা প্রাপক ৩০টি পরিবারকে মাছচাষে সহায়তা

কাঞ্চনপুর, ১২অক্টোবর ।। এ. ডি. সির উত্তর জোনালের উদ্যোগে চলতি অর্থবছরে রাজকান্দী ও নোয়াগাঙ্গ সাব-জোনের পাট্টাপ্রাপক ৩০টি পরিবারকে মাছ চাষে সহায়তা দেওয়া হবে। যাদের ১ কানি করে পুকুর রয়েছে তাদের এই সুযোগ দেওয়া হবে। এই প্রকল্পে প্রতি সুবিধাভোগীকে ১২০০টি করে মাছের পোনা সহ মাছ চাষের উপকরণ দেওয়া হবে। এতে ব্যয় হবে ৩ লক্ষ ৭৬ হাজার ৫০০ টাকা। উত্তর জোনাল আধিকারিক এতথ্য জানিয়েছেন।

পতিছড়িতে সাংস্কৃতিক কর্মশালার সমাপ্তি

শান্তিরবাজার, ১১ অক্টোবর ।। মুড়াসিং পাড়াস্থিত পতিছড়িতে ১০ দিন ব্যাপী আয়োজিত সাংস্কৃতিক কর্মশালা ৮ অক্টোবর সম্পন্ন হয়েছে । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পতিছড়ি এ ডি সি ভিলেজ কমিটির সহযোগিতায় আয়োজিত এই সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এ ডি সি-র তথ্য, সংস্কৃতি ও পর্যটন এবং যুব বিষয়ক ও ক্রীড়া বিভাগের কার্যনির্বাহী সদস্য পরীক্ষিৎ মুড়াসিং, ভিলেজের সদস্যগণ সহ লোকরঞ্জন শাখার সম্পাদক অশোক মুড়াসিং । কর্মশালায় ৩৫ জন শিল্পীকে জাদু কলিজা, দাংদু, সুমুই, সারিন্দা এবং ককবরক লোক গানের উপর প্রশিক্ষণ দেওয়া হয় ।

স্বল্প সঞ্চয় ঃ গোমতী জেলায় সংগৃহীত ৭ কোটি ৪০ লক্ষ ৫২ হাজার টাকা

উদয়পুর, ১১ অক্টোবর ।। গোমতী জেলায় স্বল্প সঞ্চয় প্রকল্পে চলতি বছরের আগষ্ট মাস পর্যন্ত ৭ কোটি ৪০ লক্ষ ৫২ হাজার ১৫৩ টাকা সংগৃহীত হয়েছে । গোমতী জেলার স্বল্প সঞ্চয় উন্নয়ন প্রকল্প আধিকারিক এ তথ্য দিয়ে জানান, স্বল্প সঞ্চয় প্রকল্পে চলতি অর্থ বছরে এই জেলায় ২০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে । এর মধ্যে আগষ্ট মাস পর্যন্ত উদয়পুর মহকুমায় ৬ কোটি ৩৭ লক্ষ ৭৩ হাজার ২০০ টাকা । অমরপুর মহকুমায় ৬৬ লক্ষ ৩৮ হাজার ৩০৫ টাকা এবং করবুক মহকুমায় ৩৬ লক্ষ ৪০ হাজার ৬৪৮ টাকা সংগৃহীত হয়েছে ।

রাজধন নগরে সাংস্কৃতিক কর্মশালা শুরু

উদয়পুর, ১১ অক্টোবর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কাকড়াবন ব্লকের রাজধন নগরে ৭ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা গতকাল থেকে শুরু হয়েছে । এর উদ্বোধন করেন বিশিষ্ট সংগীত শিল্পী মানিক লাল চক্রবর্তী । কর্মশালায় সংশ্লিষ্ট এলাকার ৮০ জন শিল্পীকে রবীন্দ্র ও নজরুল সংগীত ও নৃত্যের তালিম দেওয়া হচ্ছে । প্রশিক্ষণ চলবে ১৬ অক্টোবর পর্যন্ত । সমাপ্তি দিনে প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন ।

ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় চলাচলে বিধি নিষেধ

আগরতলা, ১০ অক্টোবর ।। পশ্চিম ত্রিপুরা জেলার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় দুস্কৃতি, সমাজদ্রোহী এবং চোরাকারবারিরা আইন-শৃঙ্খলার সমস্যা সৃষ্টি করতে পারে এমন আশংকা রয়েছে বলে সি.আর.পি.সি.-র ১৪৪ ধারায় কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছিল। যেহেতু এই নিষেধাজ্ঞার মেয়াদ ৩ অক্টোবর, ২০১৭ শেষ হয়ে গেছে, এ পরিস্থিতিতে ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া সংলগ্ন এলাকায় মানুষের চলাচলের উপর নিয়ন্ত্রণ রাখতে পশ্চিম জেলার পুলিশ সুপারের এক অনুরোধের পরিপ্রেক্ষিতে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড.মিলিন্দ রামটেকে উক্ত আইনের ক্ষমতাবলে সদর ও মোহনপুর মহকুমার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটারের মধ্যে রাত ৮ টা থেকে পরদিন ভোর পাঁচটা পর্যন্ত সাধারণ মানুষ ও যানবাহন চলাচল নিষিদ্ধ বলে এক নির্দেশ জারী করেছেন। তবে, সেনা/আধা সামরিক বাহিনী, জেলা শাসক এবং পশ্চিম ও সদর পুলিশ সুপারের অনুমোদন প্রাপ্ত ব্যক্তি, সরকারী দায়িত্ব পালনে নিযুক্ত কর্মচারী এবং জরুরী ভিত্তিতে চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন রোগী এই নিষেধাজ্ঞার আওতায় আসবেন না। এই নির্দেশ ৪ অক্টোবর ২০১৭ থেকে কার্যকর হয়েছে এবং ২০১৮-র ৩ জানুয়ারী পর্যন্ত বলবৎ থাকবে।

দীপাবলি উৎসব উপলক্ষ্যে শ্যামা সঙ্গীত প্রতিযোগিতা

উদয়পুর, ১০ অক্টোবর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং উদয়পুর পুর পরিষদের যৌথ উদ্যোগে আসন্ন দীপাবলি উৎসব উপলক্ষ্যে আগামী ১৭ অক্টোবর উদয়পুর টাউন হলে ৩ টি বিভাগে শ্যামা সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা অংশগ্রহণ করবেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে। এর মধ্যে প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারি শিল্পীরা দীপাবলি মেলার সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন।

দীপাবলি মেলা উপলক্ষ্যে সাংস্কৃতিক কর্মশালা

উদয়পুর, ১০ অক্টোবর ।। দীপাবলি মেলা উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ১২-১৮ অক্টোবর ৭ দিনব্যাপী মাতাবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক কর্মশালা অনুষ্ঠিত হবে। এতে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সঙ্গীত ও নৃত্যের প্রশিক্ষণ দেওয়া হবে। অনুরূপভাবে আগামী ১২-১৮ অক্টোবর চন্দ্রপুর কলোনী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়েও সাংস্কৃতিক কর্মশালার আয়োজন করা হয়েছে। এই কর্মশালায় ছাত্র-ছাত্রীদের সঙ্গীত ও নৃত্যের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা দীপাবলি উৎসব ও মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

ধর্মনগরে জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবসের কর্মসূচী

ধর্মনগর, ১০ অক্টোবর ।। জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস উদযাপন উপলক্ষে আগামী ১৩ অক্টোবর ধর্মনগরের চন্দ্রপুর সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এক আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে । ধর্মনগর জেলা হাসপাতালের উদ্যোগে আয়োজিত এই আলোচনাচক্রের উদ্বোধন করবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । এছাড়াও আলোচনায় অংশ গ্রহণ করবেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য, ভাইস চেয়ারপার্সন মানিকলাল নাথ এবং ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শম্ভুনাথ রক্ষিত । সেমিনারের মূল উদেশ্য হল রক্তদান একটি মহৎ দান, তার কোন বিকল্প নেই এই বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা এবং রক্তদানের জন্য সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করা ।

দেওয়ালী মেলাঃ ১৬-১৭ অক্টোবর ভিটি বিলি

উদয়পুর, ১০ অক্টোবর ।। দেওয়ালী মেলা উপলক্ষ্যে মাতাবাড়ী মেলা প্রাঙ্গণে দোকান খুলতে ইচ্ছুক ব্যবসায়ীদের মধ্যে আগামী ১২ অক্টোবর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত মেলা প্রাঙ্গণে ভিটি বিলির লটারীর কুপন বিক্রি করা হবে । প্রতিটি লটারী কুপনের মূল্য ৩০ টাকা করে । ভিটি বিলির লটারী অনুষ্ঠিত হবে ১৬ অক্টোবর বেলা ১০টায় মন্দির সংলগ্ন ভি আই পি রুমে । লটারীতে নির্বাচিতদের মধ্যে ভিটি বিলি করা হবে ১৬ ও ১৭ অক্টোবর।মাতাবাড়ী মেলা কমিটির পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

বেটি বাঁচাও বেটি পড়াও : উদয়পুরে কর্মসূচী পালিত

উদয়পুর, ১০ অক্টোবর ।। বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচীর অঙ্গ হিসাবে গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে । এর অঙ্গ হিসাবে শিক্ষা দপ্তর এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ উদয়পুর কে বি আই স্কুলের বি আর সি হলে শিশু বিভাগ সহ মোট ৫টি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । প্রতিযোগিতায় ৫৫ জন অংশ গ্রহণ করে । এছাড়াও স্থানীয় টাউন হল থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা উদয়পুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে । এতে জেলা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি, স্বাস্থ্য, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, অঙ্গনওয়াড়ী কর্মী, আশাকর্মীগণ অংশ গ্রহণ করেন ।

মাতাবাড়ীতে দেওয়ালী উৎসবের ব্যাপক প্রস্তুতি শুরু

উদয়পুর, ০৯ অক্টোবর ।। উদয়পুরের মাতাবাড়ীতে আগামী ১৯ ও ২০ অক্টোবর রাজ্যের ঐতিহ্যবাহী দীপাবলি উৎসব অনুষ্ঠিত হবে । এই উৎসব ও মেলাকে সফল করে তোলার জন্য যাবতীয় প্রস্তুতি শুরু হয়েছে। এই উপলক্ষ্যে আজ মাতাবাড়ী ব্লকের কনফারেন্স হলে দেওয়ালী মেলা কার্যকরী কমিটির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক মাধব সাহা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা, মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদার, ভাইস চেয়ারম্যান নুর হোসেন, টেপানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিজন চক্রবর্তী, গোমতী জেলার জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার, পুলিশ সুপার বিজয় দেববর্মা, মেলা কমিটির আহ্বায়ক তথা মহকুমা শাসক শুভাশীষ বন্দোপাধ্যায়, মেলার সাব কমিটির চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ। সভায় সিদ্ধান্ত হয়, দেওয়ালী উৎসব ও মেলাকে কেন্দ্র করে পূণ্যার্থীদের যাতে কোন অসুবিধা না হয় সেই দিকে লক্ষ্য রাখা, শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার জন্য আরক্ষা দপ্তর থেকে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থায় পুলিশ প্রশাসনের পাশাপাশি স্বেচ্ছাসেবক, স্কাউট গাইড নিয়োজিত রাখা, ভীড় সামলানোর জন্য ব্যারিকেটের ব্যবস্থা, মাতাবাড়ীর সাথে যুক্ত প্রতিটি রাস্তার সংস্কার, মন্দির ও মেলা প্রাঙ্গণে আলোক সজ্জা সহ ভিটি বিলি ও ট্রাফিক নিয়ন্ত্রনের ব্যবস্থা করা হবে । এছাড়া, মেলার দিনগুলিতে স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা ও পানীয় জলের সরবরাহ অব্যাহত রাখা ও মন্দির প্রাঙ্গণ পরিস্কার পরিচ্ছন্নতা রাখার সিদ্ধান্ত নেওয়া হয় । অন্যদিকে, মেলায় পূণ্যার্থীদের জন্য তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে বৈচিত্রময় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে মাতাবাড়ী ধন্যমানিক্য মুক্ত মঞ্চে । দুইদিন ব্যাপী এই সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যের ও বহিঃরাজ্যের শিল্পীরা সংগীত, নৃত্য, কবিগান, যাত্রা, পালাকীর্তন ইত্যাদি পরিবেশন করবেন । উদ্বোধনী অনুষ্ঠান হবে মাতাবাড়ী ধন্যমানিক্য মুক্ত মঞ্চে । অনুষ্ঠানের সভাপতি তথা মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক মাধব সাহা রাজ্যের সর্ববৃহৎ দীপাবলি উৎসবকে সুষ্ঠু ও সুন্দর করে তোলার জন্য সকলের সক্রিয় সহযোগিতা কামনা করেছেন ।

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান

আগরতলা, ৯ অক্টোবর ।। সমাজের আর্ত মানুষের সাহায্যার্থে এবার দুর্গোৎসবের সময় অমরপুর মহকুমার বিভিন্ন সামাজিক সংস্থা ও ব্যক্তিগত তরফে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে মোট ষোল হাজার চব্বিশ টাকা দান করা হয় । সমাজের আর্ত মানুষের সাহায্যার্থে এই মূল্যবান দানের মাধ্যমে নিজেদের যুক্ত করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের ধন্যবাদ জানানো হয়েছে ।

মিশন ইন্দ্র ধনুশের রাজ্য ভিত্তিক কর্মসূচীর সূচনা

শান্তিরবাজার, ৯ অক্টোবর ।। শূন্য থেকে ২ বৎসরের শিশু এবং মায়েদের সম্পূর্ণ টিকাকরণের লক্ষ্যে গতকাল ইন্টেনসিফায়েড মিশন ইন্দ্র ধনুশ-এর রাজ্য ভিত্তিক কর্মসূচীর সূচনা হয়েছে । শান্তিরবাজার কমিউনিটি হলে আয়োজিত এক অনুষ্ঠানে এর সূচনা হয় । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচীর উদ্বোধক ছিলেন স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী । স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী তাঁর ভাষণে সাধারণ মানুষের স্বাস্থ্য পরিষেবার সুবিধার্থে স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন উন্নয়ন কর্মসূচীর উল্লেখ করেন । তিনি বলেন, মানুষ যাতে হাতের নাগালের মধ্যেই তাদের স্বাস্থ্য সম্পর্কিত নানা সমস্যাগুলোকে চিকিৎসকের সাহায্যে সমাধানের পথ খুঁজে পান তার জন্য শহর এলাকার পাশাপাশি গ্রামীণ এলাকাগুলোতেও উপ-স্বাস্থ্য কেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার পাশাপাশি স্বাস্থ্যকর্মীদের পাশাপাশি আশাকর্মী এবং অঙ্গনওয়াড়ী কর্মীদেরও প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে । রাজ্যের সর্বত্র সাধারণ মানুষের জন্য স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেবার লক্ষ্যে স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার পাশাপাশি ঐসব স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসকসহ পর্যাপ্ত স্বাস্থ্য কর্মী নিয়োগের কাজেও রাজ্য সরকার নিরলস প্রয়াস চালাচ্ছে। প্রধান অতিথির ভাষণে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায় বলেন, স্বাস্থ্যই সম্পদ । সকল মানুষের জন্য যেমন শিক্ষার অধিকার রয়েছে তেমনি স্বাস্থ্য সুরক্ষার অধিকারও প্রত্যেক মানুষের রয়েছে । তিনি বলেন, শিশুদেরকে সব ধরণের টিকাকরণের মধ্য দিয়ে বিভিন্ন রোগের হাত থেকে রক্ষা করতে সকলকে উদ্যোগী হতে হবে। কারণ আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ । অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্টেট ইমিউনাইজেশন অফিসার মধুসূদন চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব সমরজিৎ ভৌমিক প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জগদীশ নম:। শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন রতন দাসের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে অতিথি হিসাবে বিধায়ক যশবীর ত্রিপুরা, দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক উত্তম মন্ডল এবং শান্তিরবাজার মহকুমা শাসক বিশ্বশ্রী বি প্রমুখ উপস্থিত ছিলেন ।

সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে মহাকরণে পর্যালোচনা

আগরতলা, ৯ অক্টোবর ।। সম্প্রতি বন্যার ফলে রাজ্যের বিভিন্ন প্রান্তে যে সমস্ত ক্ষয়ক্ষতি হয়েছে সে বিষয়ে আজ বিকালে মহাকরণে পর্যালোচনা করেন মুখ্যমন্ত্রী মানিক সরকার। পর্যালোচনা সভায় পূর্ত দপ্তরের মন্ত্রী বাদল চৌধুরী, মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন এবং পূর্ত দপ্তর ও জলসম্পদ দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন । সাম্প্রতিক বন্যায় রাজ্যের বিভিন্ন প্রান্তে জাতীয় সড়ক, জেলা সড়ক ও বিভিন্ন সেচ প্রকল্প ক্ষতিগ্রস্ত হয়েছে । এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলির পক্ষ থেকে জানানো হয়, চুরাইবাড়ী থেকে আগরতলা পর্যন্ত জাতীয় সড়কসহ বিভিন্ন জেলা সড়ক এবং ১০৯টি লিফট ইরিগেশন স্কীম ক্ষতিগ্রস্ত হয়েছে । সভায় এগুলো মেরামতির বিষয়ে আলোচনা হয় । ক্ষতিগ্রস্ত জাতীয় সড়কসহ অন্যান্য সড়ক এবং সেচ প্রকল্পগুলো সংস্কারের কাজ দ্রুত শুরু করতে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নির্দেশ দিয়েছেন । জাতীয় সড়কের মেরামতির বিষয়টি কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন । এজন্য পূর্ত দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রের কাছে অর্থ বরাদ্দের প্রস্তাবও পাঠানো হয়েছে । যে অর্থ এখন পর্যন্ত পাওয়া গেছে তা দিয়েই কাজ শুরু করতে পূর্তদপ্তরকে মুখ্যমন্ত্রী পরামর্শ দিয়েছেন । সাম্প্রতিক বন্যায় আগরতলা শহরেও বেশ কিছু রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে । এগুলোর সংস্কারের কাজও দ্রুত শুরু করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। অতি বৃষ্টির ফলে আগরতলা শহর ও শহরতলীর বিভিন্ন স্থানে জল জমে বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়। কালাপানিয়া ও কাটাখাল দিয়ে সেই জমা জল দ্রুত প্রবাহিত করার একটি পরিকল্পনা ইতিমধ্যেই রাজ্য সরকারের কাছে জমা পড়েছে । সভায় এই পরিকল্পনার বিষয়েও আলোচনা হয় । মুখ্যমন্ত্রী এই পরিকল্পনাটি আরো বিস্তৃত ভাবে পর্যালোচনা করতে মুখ্যসচিবকে নির্দেশ দিয়েছেন । সংশ্লিষ্ট দপ্তরগুলোর ইঞ্জিনীয়ারদের সঙ্গে নিয়ে পরিকল্পনা রূপায়ণের নির্ধারিত স্থানগুলো পরিদর্শন করে পরিকল্পনাটির চূড়ান্ত রূপ দিতে মুখ্যসচিবকে পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী । আগরতলা শহরে বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কালাপানিয়া ও কাটাখালের পরিস্কার রাখা এবং বন্যার জল দ্রুত প্রবাহিত করার এই পরিকল্পনাটিও দ্রুত রূপায়ণের জন্য উদ্যোগ নিতে বলেন মুখ্যমন্ত্রী । সভায় আগরতলার উড়াল পুলের নির্মাণ ও কাটা খালের উপর দ্বিতীয় সেতু নির্মাণ বিষয়েও পর্যালোচনা করা হয় । পূর্তদপ্তরের পক্ষ থেকে জানানো হয় উড়াল পুলের কাজ প্রায় শেষের পথে । উড়াল পুলের নীচে যে রাস্তা রয়েছে এর সংস্কারের কাজ দ্রুত শেষ করার জন্য মুখ্যমন্ত্রী পূর্ত দপ্তরকে নির্দেশ দিয়েছেন।পূর্ত দপ্তরের পক্ষ থেকে জানানো হয়, কাটাকালের উপর নির্মীয়মান দ্বিতীয় সেতুটির কাজ ডিসেম্বরেই সম্পন্ন হবে এবং তা চলাচলের জন্য খুলে দেওয়া হবে । নতুন সেতুটি চালু হবার পরই রাধানগর মোটর স্ট্যান্ডের কাছে পুরোনো সেতুর আন্ডারপাসটির নির্মাণের কাজ শুরু করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন । তাছাড়া, নতুন সেতুটির অ্যাপ্রোচ রোড তৈরী করতে গিয়ে বিবেকানন্দ ময়দানের বাউন্ডারী ওয়ালের যে সমস্ত অংশ ক্ষয়ক্ষতি হয়েছে তা দ্রুত মেরামতি করতেও বলেছেন তিনি । পাশাপাশি এই সেতুর পাশে যে হাউজিং কমপ্লেক্সটি রয়েছে তার সামনের রাস্তাটিও চলাচলের উপযোগী করে সংস্কার করে দিতে বলেছেন মুখ্যমন্ত্রী ।